

## প্রেস রিলিজ

## কোভিড - ১৯ শীর্ষক গণসচেতনতা মূলক ওয়েবিনার বাংলাদেশ ফোরাম কাতার

REF: DOC#20210123002 তারিখ: ২৩/০১/২০২১

বাংলাদেশ ফোরাম কাতার (BFQ) ২৩ শে জানুয়ারী শনিবার সন্ধ্যা ৬-৭টায় কোভিড - ১৯ শীর্ষক গণসচেতনতা মূলক ওয়েবিনার এর আয়োজন করে। কাতারস্থ বাংলাদেশ দূতাবাস উক্ত ওয়েবিনার এ সার্বিক সহযোগিতা প্রদান করেন। এছাড়াও এই ওয়েবিনার এর অফিশিয়াল টেলিকমনিকেশস্প পার্টনার ছিল OOREDOO কাতার।

উক্ত ওয়েবিনারে তুইজন প্র<mark>খ্যাত</mark> বাংলাদেশী চিকিৎসক, ডাঃ মাশুক উদ্দিন, সিনিয়র কনসালট্যান্ট ফিজিশিয়ান ও অ্যাসোসিয়েট প্রফেসর, মেডিসিন, হামাদ মেডিকেল কর্পোরেশন এবং ডাঃ সৈয়দ নজরুল ইসলাম, কনসালটেন্ট ও ফ্যামিলি মেডিসিন ফিজিশিয়ান, পিএইচসিসি উপস্থিত ছিলেন।

ডাঃ মাশুক উদ্দিন কোভিড -১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি বজায় রাখার বিষয়ে কথা বলেছেন এবং কোভিড -১৯ এর ভ্যাকসিন সম্পর্কে কিছু বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে আলোচনা করেছেন। ডাঃ সৈয়দ নজরুল ইসলাম কোভিড -১৯ ভ্যাকসিনের ব্যবহারিক প্রয়োগ এবং কাতারে সেগুলি গ্রহণের পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করেন। তিনি তার বক্তব্যে কোভিড -১৯ এর সময় মানসিক স্বাস্থ্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন। বিএফকিউর সহকারী ভিপি ক্যাপ্টেন আইযুব আলী উক্ত ওয়েবিনারটি সঞ্চালনা করেন। কাতারস্থ বাংলাদেশ দৃতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়) জনাব মোঃ মাহবুর রহমান এবং বিএফকিউয়ের সভাপতি জনাব মোহাম্মদ শফিকুল ইসলামও ওয়েবিনারটিতে অংশ নিয়েছিলেন।

উক্ত ওয়েবিনারে কাতারে অবস্থানরত অনেক <mark>বাংলাদেশী, ফেসবুক লাই</mark>ভের মাধ্যমে উৎসাহের সাথে অংশগ্রহণ করেন। <mark>ওয়েবি</mark>নারের শেষের দিকে একটি স্বয়ংক্রিয় প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। ডাক্তারগণ কোভিড - ১৯ সংক্রান্ত প্রশ্নসমূহের উত্তর প্রদান করেন।

বিএফকিউ ভবিষ্যতে এ ধ<mark>রণের আরও স্বাস্থ্য সচেতনতা মূলক ওয়েবিনার আয়োজন <mark>করবে।</mark></mark>

## বাংলাদেশ ফোরাম কাতার (BFQ):

বাংলাদেশ ফোরাম কাতার (BFQ), কাতার ফিনান্সিয়াল সেন্টার (QFC) নিবন্ধিত ব্যবসায়িক ফোরাম যা কাতারের বিবিধ সেস্টরে কর্মরত বাংলাদেশী পেশাদার এবং ব্যবসায়ীদের দ্বারা গঠিত। ২০১৮সালে পথ চলা শুরু থেকে অদ্যাবধি BFQ বিভিন্ন ব্যবসায়িক সেমিনার, ওয়ার্কশপ, বাণিজ্য মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করেছে এবং বিভিন্ন কর্পোরেট সামাজিক ক্রিয়াকলাপে নিযুক্ত রয়েছে। বাংলাদেশ দূতাবাসের সাথে সম্মিলিতভাবে ফোরামটি কাতার ও বাংলাদেশের মধ্যে অর্থনৈতিক ও আর্থ-সাংস্কৃতিক বন্ধনকেশক্তিশালী করতে এবং বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাছে।